# নভেম্বর ২০২২মাসে অনুষ্ঠিত বিরামপুর উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ মোঃ খায়রুল আলম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।

তারিখ ঃ ২৪.১১.২০২২খ্রি.

সময় ঃ দুপুর ১১.০০ ঘটিকা।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যগণের তালিকাঃ পরিশিষ্ট 'ক' ও 'খ'

সভাপতি জনাব মোঃ খায়রুল আলম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুরকে সভার কার্যক্রম শুরু করার জন্য অনুরোধ করেন।

উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

**আলোচ্যসূচিঃ ০১ গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদনঃ**

অক্টোবর ২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয় এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় অক্টোবর ২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর সাথে সদস্যগণ একমত পোষন করেন।

**সিদ্ধান্তঃ ০১** বিস্তারিত আলোচনান্তে অক্টোবর ২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্যসূচিঃ ০২ উপজেলা পরিষদের সুপারিশকৃত আলোচনাঃ**

আলোচ্য সময়ে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সুপারিশ পাওয়া গেছে। উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী সুপারিশসহ সভাপতি বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়।

**সিদ্ধান্তঃ০২** বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী নিজ নিজ দপ্তরের ওয়েব পোর্টালে আপলোড করে সুপারিশসহ সভাপতি বরাবর প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**আলোচ্য সূচিঃ ০৩** **সরকারি পরিপত্র নিয়ে আলোচনাঃ**

আলোচ্য সময়ে সরকারি কোন পরিপত্র পাওয়া যায়নি।

**সিদ্ধান্তঃ ০৩** সরকারি কোন পরিপত্র পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্যসূচিঃ ০৪** **মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক প্রেরিত সুপারিশ সম্পর্কিত আলোচনাঃ**

আলোচ্য সময়ে মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক কোন সুপারিশ পাওয়া যায়নি।

**সিদ্ধান্তঃ ০৪** মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক কোন সুপারিশ ও নির্দেশনা পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**বিভাগীয় আলোচনা**

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনা ০৫ উপজেলা কৃষি দপ্তর | উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর দিনাজপুরের প্রতিনিধি জনাব কাওসার আহমেদ, অতিরিক্ত কৃষি অফিসার সভায় জানান যে, তিনি ০৪.০৯.২০২২ তারিখে এ উপজেলায় যোগদান করেছেন। তিনি আরও জানান যে, ৫০% জমির ধান আগাম কাটা হয়েছে। শুরুতেই সম্পূরক সেচ দেয়ায় আশানুরুপ ফলন পাওয়া গেছে।ফুল আসার সময় ৩৫ ডিগ্রী সেলসিয়াস তাপমাত্রা হলে ধানে চিটা হয়। তবে জমিতে এ সময় পানি থাকলে চিটা হয় না। এবার ধানে পোকার আক্রমণ ছিল না। সরকারি নির্দেশনানুয়ায়ী সরিষার আবাদ বৃদ্ধি করা হয়েছে। এবার ১৪৯০ হেঃ জমিতে সরিষার আবাদ করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এটি একটি চ্যালেঞ্জ। তবে আশা করা যায় লক্ষ্যমাত্রা অর্জিত হবে।<br>উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর ধানের চিটা হওয়ার বিষয়টি কৃষকদের মাঝে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসার, বিরামপুরকে অনুরোধ জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. ধানের চিটা হওয়ার বিষয়টি কৃষকদের মাঝে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসার, বিরামপুরকে অনুরোধ জানান হয়।<br>৩. কৃষির ফলন বৃদ্ধির ব্যাপারে কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১. উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৬ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>তিনি অক্টোবর ২০২২ মাসের তথ্য সভায় উপস্থাপন করে বলেন যে, অন্তঃ বিভাগে ১৬০ জন এবং বেডে ১০৭ জন মোট ৮,৯৯০ জন চিকিৎসা নিয়েছেন। এছাড়াও প্রতি শনিবার সিজার করা হয়। এবার ৫টি সিজার এবং ৮৫টি নরমাল ডেলিভারী হয়েছে। ৫-১২ বছর বয়সী ৯০% শিশুকে ফাইজারের ঠিকা প্রদান সম্পন্ন করা হয়েছে। মাধ্যমিক পর্যায়ে কিছু শিক্ষার্থী বাদ পড়েছে মর্মে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানালে তিনি জানান যে, আরও ৫০০ টিকার প্রয়োজন কিন্তু পাওয়া যাচ্ছে না।<br>উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর সভায় জানান যে, এ্যাম্বুলেন্স ড্রাইভার একজন হওয়ার কারণে সমস্যা হচ্ছে। তিনি প্রয়োজনে সিভিল সার্জন, দিনাজপুরের সাথে আলোচনা করে ২টি এ্যাম্বুলেন্সের জন্য ২জন ড্রাইভার রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর এ প্রস্তাবে সহমত প্রকাশ করেন। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. যারা ৩য় ডোজ টিকা গ্রহণ করেননি বা বাদ পড়েছেন তাদেরকে টিকা গ্রহণের লক্ষ্যে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত পুনরায় গৃহীত হয়। | ১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর।<br>২. মেয়র, বিরামপুর পৌরসভা ও চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)। |
| আলোচনাঃ ৭ উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, গত এক মাসে ১৩৯৫টি গবাদি প্রাণির এবং ৮৪৩৯টি হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে। ২০ জন খামারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। কৃত্রিম প্রজনন ৪৭০ মাত্রা এবং শংকর জাতের বাচ্চা উৎপাদন হয়েছে ১৩৫টি। গবাদি প্রাণির টিকা প্রদান করা হয়নি, হাঁস-মুরগীর টিকা প্রদান ১০,৫০০ মাত্রা। ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প এ মাসে ১টি হয়েছে এবং ৪টি উঠান বৈঠকের আয়োজন করা হয়েছে। বর্তমানে কোন রোগের প্রাদুর্ভাব নেই।<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা আরও জানান যে, লাইভস্টক এন্ড ডেভেলপমেন্ট (LDDP) প্রকল্পের আওতায় এ উপজেলায় ১২টি প্রডিউসার গ্রুপ (পিজি গ্রুপ) রয়েছে। প্রতিটি পিজিতে একটি করে লাইভস্টক ফার্মার্স স্কুল (LFFS) গঠিত হয়েছে। এতে মোট ৩৬০ জন খামারী/কৃষক প্রত্যক্ষ ও পরোক্ষভাবে উপকৃত হবেন। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. প্রাণি সেক্টরে উৎপাদন বৃদ্ধির কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৮ উপজেলা মৎস্য দপ্তর | উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ১,৫০০ মৎস্য চাষী আছেন এবং পুকুর আছে ২০০০টি। ৭০% মৎস্য চাষীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে অবশিষ্ট ৩০%কে প্রশিক্ষণ প্রদান করা হবে। এবার থেকে পুকুর পাড়ে প্রশিক্ষণ প্রদান করা হবে। তিনি আরও উল্লেখ করেন যে, প্রতিবার আশুরার বিলে মা মাছের নিরাপদ আশ্রয়ের জন্য সিমেন্টের খুটির মাঝে গভীর গর্ত করে বড় বড় বাঁশ পুতে দেয়া হয়। এতে মা মাছগুলো নিরাপদে থাকতে পারে এবং বর্ষা মৌসুমে মাছের বৃদ্ধি ঘটে। কিন্তু চোর বাঁশগুলো কেটে কেটে চুরি করে নিয়ে যাওয়ার কারণে মা মাছগুলো চুরি হয়। মাছের অভয়াশ্রম গড়ে তোলার লক্ষ্যে প্রতিবার বরাদ্দ এনে আবারও মেরামত করা হয়। তবে এবার চোর সনাক্ত করা গেছে। তাদেরকে নোটিশ করা হবে এবং প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সনাক্তকৃত চোরদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুরকে অনুরোধ করা হয়। | ১. উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৯<br>দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ | জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর প্রতিনিধি ডেপুটি জেনারেল ম্যানেজার সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. জেনারেল ম্যানেজার দিপবিস-২ বিরামপুর। |
| আলোচনাঃ ১০<br>উপজেলা প্রকৌশল দপ্তর | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, নিয়মিত কার্যক্রম যথারীতি চলছে। তিনি আরও জানান যে, এডিপি'র প্রকল্প গ্রহণ করতে হবে। সেকারণে তিনি ইউপি চেয়ারম্যানগণকে প্রকল্প দাখিল করার জন্য অনুরোধ করেন। অবকাঠামো উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে দ্রব্যমূল্যের মূল্য বৃদ্ধি পাওয়ায় চলমান কাজ স্থবির হয়ে পড়েছে।<br>এ পর্যায়ে চেয়ারম্যান, বিনাইল উপজেলা প্রকৌশলী, এলজিইডি, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধির দৃষ্টি আকর্ষণ করে কেটরা পার হয়ে বিনাইল যেতে ব্রীজটির প্রস্তাব প্রেরণ করা হয়েছে কি-না এ বিষয়ে তিনি জানতে চান। এছাড়াও তিনি এলজিইডি কর্তৃক নিয়োজিত মহিলারা রাস্তায় ঠিকমত কাজ করছে না বলে অভিযোগ করেন। চেয়ারম্যান, খানপুর ইউপি সহমত পোষন করে বলেন যে, মহিলারা চেয়ারম্যানদের কথা শুনছে না। তিনি আরও জানান যে, খানপুর ইউনিয়নে ৩৩.৫ কিঃমিঃ পাকা রাস্তা রয়েছে।<br>এ অভিযোগের পরিপ্রেক্ষিতে উপজেলা প্রকৌশলী, এলজিইডি, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, আগের তুলনায় এখন মহিলারা ভাল কাজ করছে। তারা সকার ৯.০০ টা হতে বেলা ৩.০০ টা পর্যন্ত কাজ করবে এবং নতুনভাবে নিয়োজিত ১০ জন মহিলা ৮ ঘন্টা কাজ করবে। মাসিক পরিকল্পনা থাকলেও প্রয়োজনে তা পরিবর্তন করা যাবে। মহিলাদের নির্দেশনা প্রদান করা হবে যাতে তারা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের নির্দেশনা প্রতিপালন করেন।<br>এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার চেয়ারম্যানগণের দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, যে সকল রাস্তায় কাজ করতে হবে তার একটি তালিকা উপজেলা প্রকৌশলী, বিরামপুরের নিকট দাখিল করবেন। প্রয়োজন অনুসারে অগ্রাধিকার ভিত্তিতে পর্যায়ক্রমে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে রাস্তার কাজগুলোর করা যাবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ১১<br>বাংলাদেশ কৃষি উন্নয়নকর্পোরেশন BADC (সেচ) | উপ-সহকারী প্রকৌশলী (পিআরএলরত), BADC (সেচ), বিরামপুর, দিনাজপুর সভায় সভায় জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। আগামী মাসের প্রথম সপ্তাহে সেচ কমিটির সভা আহ্বান করবেন মর্মে সভায় উল্লেখ করেন।<br>চেয়ারম্যান, বিনাইল ইউপি সভায় বলেন যে, স্যালো মেশিনের লাইসেন্সের জন্য অনেকে আবেদন করেছে। তারা এখনও অনুমতি পায়নি। তিনি ইরি মৌসুম শুরুর পূর্বে লাইসেন্স প্রদানের জন্য অনুরোধ করেন।<br>এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন যে, জনাব মোঃ তছলিম উদ্দিন, পিতা-মৃত আবু তালেব, দেবীপুর, বিরামপুর গং জেলা প্রশাসক, দিনাজপুর বরাবর সেচ বিষয়ে অভিযোগ করলে উক্ত কার্যালয়ের ০৭.১১.২০২২ তারিখের ০৫.৫৫.২৭০০.০০৬.০২.০১৫.১৮.৬৬৩ সংখ্যক পত্রে বিষয়টি নিস্পত্তি করার জন্য সদয় নির্দেশনা প্রদান করা হয়েছে। তদপ্রেক্ষিতে উপজেলা কৃষি অফিসার, বিরামপুরকে আহ্বায়ক করে ৬ সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটির তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে তিনি সভায় জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২. উপজেলা কৃষি অফিসার, বিরামপুরকে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হয়। | ১.উপ-সহকারী প্রকৌশলী BADC(সেচ) বিরামপুর।<br><br>২.উপজেলা কৃষি অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ১২<br>বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর জোন | সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর জোন বা প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ১. সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর, দিনাজপুর। |

647

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ১৩<br>বিরামপুর থানা | অফিসার ইনচার্জ, বিরামপুর থানা, দিনাজপুর সভায় জানান যে, নিয়মিত কার্যক্রম যথারীতি চলছে। তিনি সভায় আরও জানান যে, পুলিশের ০.৫৬ একর জমি আছে। সীমানা নির্ধারণ করার পর একব্যক্তি মামলা করেছে যা চলমান রয়েছে। এর মধ্যে ০.১০ একর পুকুরটি অভিযোগকারীর দখলে আছে। তিনি এ জায়গাটি টেস্ট রিলিফ (TR) থেকে প্রজেক্ট নিয়ে প্রস্তুত করে গাছ লাগানোর প্রস্তাব করেন। গাছ লাগানো হলে জায়গাটি ঝামেলামুক্ত হবে।<br>তিনি আরও জানান যে, শীতকালে চুরি বেশী হচ্ছে। ট্রান্সফারমার চুরি হচ্ছে। এ বিষয়ে সেচ পাম্পের মালিকদের সাথে প্রতিটি ইউনিয়নে মিটিং করে যখন পাম্পটি ব্যবহার হচ্ছে না তখন পাহারাদার রাখার জন্য অনুরোধ করেছেন। যারা ট্রান্সফরমার চুরি করে তারা অভিজ্ঞ লোক। **ট্রান্সফরমারের কাজ করে এমন ব্যক্তির তালিকা দেয়ার জন্য তিনি জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ কে অনুরোধ করেন।** শীত মৌসুমের কারণে এখন গরুও চুরি হচ্ছে। প্রতিটি ইউনিয়নে ১টি করে টিম করে পাহারার ব্যবস্থা করলে গরু চুরি বন্ধ হতে পারে। টিমের তালিকা থানায় দিতে হবে। অন্যান্য উপজেলা শীতকালে এরুপ টিম গঠন করেছে এবং তারা কাজও করছে। কৃষ্ণপক্ষে এ উদ্যোগ নেয়া হলে ভাল ফলাফল পাওয়া যাবে।<br>উপজেলা নির্বাহী অফিসার গ্রামপুলিশদরে এ কাজে সম্পৃক্ত করার অনুরোধ জানান। এতে চুরি নিয়ন্ত্রণ হতে পারে মর্মে তিনি আশা করেন।<br>চেয়ারম্যান, কাটলা ইউনিয়ন পরিষদ বলেন যে, আমবাড়ি হাট ভোর থেকে শুরু হয়। ফলে এ অঞ্চলের গরুগুলো রাত ২.০০ হতে ভোর ৪.০০ টার মধ্যে হাটে নিয়ে যায়। এ সময়ও গরু চুরি হতে পারে। কারণ গরু ভটভটিতে করে নিয়ে যায় এবং আমবাড়ি ও পাঁচবিবি হাটে চেয়ারম্যানের সনদ ছাড়াই গরু বিক্রয় হয়। ফলে কোনটি বিক্রিয়ের জন্য আর কোনটি চোরাই গরু সেটি সনাক্ত করা যায় না। ভটভটির মালিক বা সমিতির সাথে এ বিষয়ে আলোচনা করে সিদ্ধান্ত নিতে হবে মর্মে উপজেলা নির্বাহী অফিসার প্রস্তাব করেন। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২. **ট্রান্সফরমারের কাজ করে এমন ব্যক্তির তালিকা দেয়ার জন্য তিনি জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২-কে অনুরোধ করেন।** | ১. অফিসার ইনচার্জ বিরামপুর থানা<br><br>২. জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২. |
| আলোচনাঃ ১৪<br>উপজেলা শিক্ষা দপ্তর | উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কাজ ও স্বাভাবিক কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরও জানান যে, সাপ্তাহিক পরীক্ষার সাথে মূল্যায়নও চলছে। বইয়ের চাহিদা প্রেরণ করা হয়েছে এখনও পাওয়া যায়নি। কবে নাগাদ বই আসবে সে তথ্য এখনও পাওয়া যায়নি। উপজেলার সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলো পরিদর্শন অব্যাহত রয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. বিদ্যালয় পরিদর্শন অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১-২. উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ১৫<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় আরও জানান যে, সারাদেশের ন্যায় বিরামপুর উপজেলায়ও এইচএসসি ও সমমানের পরীক্ষা ২০২২ চলমান রয়েছে। শিক্ষার্থীদের ইউনিক আইডি প্রদানের কার্যক্রম চলমান। মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও স্নাতক পর্যায়ের উপবৃত্তির কার্যক্রম চলমান। শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন যথারীতি চলছে। জাতীয় শিক্ষাক্রম রূপরেখা ২০২১ বাস্তবায়নের জন্য বিষয়ভিত্তিক প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণ কার্যক্রম চলমান। পরীক্ষা চলাকালিন উচ্চস্বরে মাহফিল করায় শিক্ষার্থীদের পড়াশুনায় ব্যাঘাত সৃষ্টি হয়। এ বিষয়ে দৃষ্টি রাখার জন্য তিনি অনুরোধ করেন। তিনি আরও জানান যে, মাধ্যমিকের বই আসছে।<br>চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, পলিখাঁপুর স্কুলে নিয়মিত ক্লাস হয় না। এ স্কুলটির দিকে দৃষ্টি দেয়ার জন্য তিনি উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুরের দৃষ্টি আকর্ষণ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বিরামপুর |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ১৬ উপজেলা সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় আরও জানান যে, ৬৩৭ জন প্রতিবন্ধীর আবেদন পাওয়া গেছে কিন্তু বরাদ্দ এসেছে ৬১১ জনের। অনেকেই Online এ আবেদন করতে পারেননি আবার সময়ও শেষ হয়ে গেছে।<br>এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর যাদের খুব প্রয়োজন তাদেরকে অধিক গুরুত্ব দিতে হবে এবং মাননীয় জাতীয় সংসদ সদস্য কর্তৃক সুপারিশকৃতগুলো যাচাই-বাছাই করে তালিকাভূক্ত করতে হবে মর্মে উল্লেখ করেন। জীবিত ব্যক্তিকে মৃত দেখানোর ফলে সমস্যা হচ্ছে। চেয়ারম্যান কর্তৃক সংশ্লিষ্ট ওয়ার্ডের সদস্য ও সংরক্ষিত সদস্যের সুপারিশের ভিত্তিতে মৃত্যু সনদ দিলে এ সমস্যান সমাধান হতে পারে। যাচাই না করে মৃত্যু সনদ দেয়ায় ভাতা বন্ধ আছে। এদের বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য তিনি ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। তিনি চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা সমাজসেবা অফিসারের সমন্বয়ে ১টি সভা করার প্রস্তাব করেন। কোনক্রমেই রোহিঙ্গাদের জন্ম সনদ দেয়া যাবে না। এ বিষয়ে সকলতে সতর্ক থাকার জন্য তিনি অনুরোধ জানান।<br>উপজেলা সমাজসেবা অফিসার বলেন যে, পুনরায় যাচাই-বাছাই করে জীবিত ও মৃতদের তালিকা করতে হবে। যারা জীবিত তাদের চেয়ারম্যান কর্তৃক সনদ প্রদান করলে পুনরায় ভাতা চালু করতে হবে। তিনি আরও জানান যে, সকল হিজরাকে ভাতার আওতায় আনার সরকারি সিদ্ধান্ত রয়েছে। IPBS-এর তথ্যকে বেজলাইন ধরে কাজ করতে হবে। বিরামপুরে ৭ জন হিজরা আছে। তাদের NID এবং জন্ম সনদ লাগবে। এ ছাড়াও শ্রমজীবি পথশিশু প্রতিজন ৫০/- টাকা করে পাবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা সমাজসেবা অফিসারের সমন্বয়ে ১টি সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩. চেয়ারম্যান কর্তৃক জীবিতদের সনদ প্রাপ্তি সাপেক্ষে পুনরায় ভাতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪. সরকারি সিদ্ধান্ত মোতাবেক ভাতার আওতায় আনার ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ করা হয়। | ১-৩. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ১৭ উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর বা প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ১৮ উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ২৫.১১.২০২২ তারিখের মধ্যে Online এ VGD-র আবেদন করতে হবে। সুপারিশকৃত আবেদনগুলো উপজেলা কমিটিতে উপস্থাপন করতে হবে। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে তিনি সদস্যদের সাথে সমন্বয় করে তালিকা দাখিলের জন্য অনুরোধ করেন। এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর আবেদনগুলো সঠিকভাবে যাচাই-বাছাই করে প্রেরণের অনুরোধ জানান।<br>চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর সভায় বলেন যে, যারা সামাজিক নিরাপত্তা খাতের আওতায় আছেন তাদের বাদ দিয়ে তালিকা দাখিলের জন্য তিনি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. নির্দিষ্ট সময়ের মধ্যে আবেদন দাখিল করার জন্য চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদকে অনুরোধ করা হয়।<br>৩. ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সংশ্লিষ্ট ওয়ার্ড সদস্যের সমন্বয়ে এবং সামাজিক নিরাপত্তা খাতের আওতায় আছেন তাদের নাম বাদ দিয়ে তালিকা প্রেরণের অনুরোধ করা হয়। | ১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর।<br>২. চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ<br>৩. চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ। |
| আলোচনাঃ ১৯ উপজেলা হিসাবরক্ষণ দপ্তর | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর সভায় জানান দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২০ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর সভায় জানান দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় আরও জানান যে, শিক্ষা প্রতিষ্ঠানসমূহের অসহযোগিতার কারণে শেখ রাসেল কুইজ প্রতিযোগিতায় রেজিস্ট্রেশন হচ্ছে না। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের ২০২১-২০২২ অর্থ বছরের মূল্যায়ন কার্যক্রমের অংশ হিসেবে যারা ১৭ টি স্থায়ী কমিটির নোটিশ, | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. শেখ রাসেল কুইজ প্রতিযোগিতায় রেজিস্ট্রেশন বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | ১.সহকারী প্রোগ্রামার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর।<br>২, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ২০<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | হাজিরা ও কার্যবিবরণী নোটিশ বোর্ডে দিয়েছেন তাদেরকে যোগাযোগ করার জন্য তিনি অনুরোধ করেন।<br>এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, পঞ্চবার্ষিকী পরিকল্পনার জন্য Word File ই-মেইলে প্রেরণ করা হয়েছে। সেটি Update করে উপজেলা নির্বাহী অফিসারের অফিসিয়াল ই-মেইলে প্রেরণ করার জন্য তিনি অনুরোধ করেন। সর্বশেষ ১৫ ডিসেম্বর ২০২২ তারিখের মধ্যে তথ্য আপলোড করা যাবে।<br>চেয়ারম্যান, কাটলা ইউপি উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প তেকে স্কাউটভবন করার জন্য অনুরোধ করেন। | ৩. ১৫ ডিসেম্বর ২০২২ তারিখের মধ্যে তথ্য আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৩. সদস্য-সচিব, ১৭টি স্থায়ী কমিটি। |
| আলোচনাঃ ২১<br>উপজেলা যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০২২-২০২৩ অর্থবছরে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্সে ১৪টি ব্যাচ থেকে এখন সংশোধিত ০৭টি ব্যাচের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এর মধ্যে মাত্র ১টি ব্যাচের বরাদ্দ পাওয়া গেছে এবং ২টি প্রশিক্ষণ কোর্স চলতি মাসে শেষ হয়েছে। দিনাজপুর জেলা কার্যালয়ের আওতায় ডিসেম্বর ২০২২ মাসে ০১ মাস মেয়াদি " মৎস্য চাষ" ট্রেডে প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্স শুরু হবে এবং এ উপজেলা হতে ৪ জন প্রশিক্ষণার্থী প্রেরণ করা যাবে।<br>তিনি আরও জানান যে, পরিবারভিত্তিক কর্মসংস্থান কর্মসূচি থেকে সর্বমোট ১৬,০০,০০০/-টাকা ক্ষুদ্রঋণ বিতরণ করা হয়েছে। আদায়যোগ্য টাকার পরিমান সর্বমোট =৭,৬৮,০০০/-টাকা। আদায়কৃত টাকার পরিমান মোট =৭,৬৮,০০০/- টাকা এবং আদায় হার শতকরা ১০০%।<br>আত্মকর্মসংস্থান কর্মসূচির ক্রমপুঞ্জিভূত ঋণ বিতরণ করা হয়েছে ২,৬৮,৯৬,০০০/- টাকা। আদায়যোগ্য টাকার পরিমান সর্বমোট =২,৩৬,১১,১০০/-টাকা। আদায়কৃত টাকার পরিমান মোট = ২,১১,৪৬,৯২৬/- টাকা এবং আদায় হার শতকরা ৯০%। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা যুব উন্নয়ন অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ২২<br>উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিরামপুর। |
| আলোচনাঃ ২৩<br>জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, নিরাপদ পানীয়ের কাজ চলমান রয়েছে। আশ্রয়ন প্রকল্পের আবাসনগুলোতেও কাজ চলছে। ৫টি গৃহের জন্য ১টি মোচ ১২০টি টিউবওয়েল বসানো হবে। ৪% এর উপরে স্যানিটেশন কভারেজ নেই। তবে চাহিদা পাঠানো হবে। স্বল্প মূল্যে একটি NGO স্যানিটেশন সামগ্রী দিবে। তিনি ১০০% করার অনুরোধ জানিয়েছেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), বিরামপুর। |
| আলোচনাঃ ২৪<br>উপজেলা ত্রাণ দপ্তর | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২৬.১১.২০২২ তারিখ থেকে ৪০ দিনের কর্মসূচি শুরু হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বিরামপুর। |
| আলোচনাঃ ২৫<br>উপজেলা পরিসংখ্যান দপ্তর | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি জনাব পিয়াস ইবনে হাবিব সভায় জানান দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৬<br>উপজেলা সমবায় দপ্তর | উপজেলা সমবায় কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ১. উপজেলা সমবায় কর্মকর্তা,বিরামপুর দিনাজপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ২৭<br>বন বিভাগ | রেঞ্জ কর্মকর্তা, চরকাই রেঞ্জ, বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ১. রেঞ্জ কর্মকর্তা, চরকাই রেঞ্জ, বিরামপুর। |
| আলোচনাঃ ২৮<br>উপজেলা নির্বাচন দপ্তর | উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ১. উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৯<br>উপজেলা রিসোর্স সেন্টার প্রাথমিক শিক্ষা | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ১. ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার বিরামপুর |
| আলোচনাঃ ৩০<br>পল্লী সঞ্চয় ব্যাংক বিরামপুর শাখা | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা। |
| আলোচনাঃ ৩১<br>পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | জনাব মোঃ হুমায়ুন ফরিদ উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। ঋণ আদায় কার্যক্রম চলমান রয়েছে। | ১. এ সভায় তাকে স্বাগত জানানো হয়। | উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ৩২<br>তথ্য আপা প্রকল্প ২য় পর্যায় | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ১টি উঠান বৈঠকের বরাদ্দ পাওয়া গেছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্যসেবা কর্মকর্তা<br>তথ্য আপা প্রকল্প<br>(২য় পর্যায়), বিরামপুর। |
| আলোচনাঃ ৩৩<br>Upazila Governance and Development Project (UGDP) | Upazila Development Facilitator (UDF), বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, স্বাভাবিক কার্যক্রম চলছে। তিনি আরও জানান যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন উপজলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প হতে উপজেলা ওয়েব পোর্টাল বিশ্লেষণ জন্য তথ্যগুলো নির্দিষ্ট ফরমেটে আগামী ১৫.১২.২০২২ খ্রি. তারিখের মধ্যে সাবমিট করতে হবে। উল্লখ্যে যে, উপজেলার জন্য দেয়া পাসওয়ার্ডটি নির্দিষ্ট সময়ের পর বাতিল হয়ে যাবে। উপজেলা ওয়েব পোর্টাল বিশ্লেষণের মাধ্যমে উপজেলা পরিষদকে ষষ্ঠ ধাপের অর্থ বরাদ্দ দেয়া হবে।<br>তিনি আরও জানান যে, আগামী ৩১ ডিসেম্বর' ২০২২ খ্রি. তারিখের মধ্যে অবকাঠামো উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন সম্পন্ন করে বিল প্রকল্প অফিসে পাঠাতে হবে অন্যথায় পরবর্তীতে এই বিলগুলো প্রকল্প থেকে দেয়া হবে না। এ অভিজ্ঞতা এ উপজেলার রয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে ৫ম ধাপের প্রকল্প বাস্তবায়ন করতে না পারলে ৬ষ্ঠ ধাপের অর্থ প্রাপ্তি অনিশ্চিত হয়ে পড়বে।<br>এ পর্যায়ে চেয়ারম্যান, উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসার প্রকল্পগুলো দ্রুত প্রকল্প বাস্তবায়ন করে নির্ধারিত সময়ের মধ্যে বিল প্রেরণের জন্য উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে অনুরোধ জানান। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. **১৭ কমিটির সদস্য-সচিবগণকে চাহিদা মোতাবেত তথ্য আপলোড করার জন্য পুনরায় অনুরোধ করা হলো।**<br>৩. অবকাঠামো উন্নয়ন প্রকল্পগুলো দ্রুত বাস্তবায়ন করে নির্ধারিত সময়ের মধ্যে বিল প্রকল্প অফিসে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. Upazila Development Facilitator, বিরামপুর<br>২. সদস্য-সচিব, ১৭টি উপজেলা কমিটি বিরামপুর।<br>৩. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ৩৪<br>খাদ্য বিভাগ | ভারপ্রাপ্ত কর্মকর্তা, চরকাই খাদ্য গুদাম, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে খাদ্য বান্ধব কর্মসূচি চলছে। তিনি জানান যে, ৩৬৫ জন ভোক্তার তালিকা পাননি। ৩০.১১.২০২২ তারিখের মধ্যে কার্যবিবরণীসহ তালিকা দিলে তিনি কাজগুলো সম্পন্ন করতে পারবেন। কাটলা ইউনিয়ন পরিষদের Online System Off আছে মর্মে তিনি জানিয়ে দেন। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বিরামপুরের সাথে আলোচনা করে শনিবারে তিনি তালিকা দাখিল করবেন। তিনি আরও জানান যে, গোডাউনটি পুরাতন স্থাপনা হওয়ার কারণে বর্ষা মৌসুমে পানি | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও ভারপ্রাপ্ত কর্মকর্তা, চরকাই খাদ্য গুদাম, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৩৪<br>খাদ্য বিভাগ | ঢুকতে পারে। ফলে খাদ্য নষ্ট হতে পারে। তাই দ্রুত এটির সংস্কার করা প্রয়োজন। ২৩.১১.২০২২ তারিখে অনুষ্ঠিত জেলা কমিটির সভায় ২৮/- টাকা কেজি হিসেবে ধান এবং ৪২/- টাকা হিসেবে চাল ক্রয়ের সিদ্ধান্ত হয়েছে। ডিলারদের সাথে চুক্তি করতে হবে এবং ৮.১২.২০২২ তারিখ পর্যন্ত সময় বৃদ্ধি করা হয়েছে। ধানের মূল্য বাজারে বেশী। সে কারণে ধান ক্রয় সহজ হবে না। | ২. LSD গোডাউনে যাতে বর্ষাকালে পানি না প্রবেশ করে সে ব্যাপারে ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ২. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও ভারপ্রাপ্ত কর্মকর্তা, চরকাই খাদ্য গুদাম, বিরামপুর। |
| আলোচনাঃ ৩৫<br>মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৩৬<br>কাটলা ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, কাটলা ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, কাটলা ইউনিয়ন পরিষদ বিরামপুর বিরামপুর। |
| আলোচনাঃ ৩৭<br>খানপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর বিরামপুর। |
| আলোচনাঃ ৩৮<br>দিওড় ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান দিওড় ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৩৯<br>বিনাইল ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান বিনাইল ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪০<br>জোতবানী ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, জোতবানী ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান জোতবানী ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪১<br>পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪২<br>সংরক্ষিত সদস্য | সংরক্ষিত আসনের ৩ জন সদস্যের মধ্যে জনাব আঞ্জুরা পারভীন উপস্থিত রয়েছে এবং তিনি শুভেচ্ছা জানান। অপর ২ জন অনুপস্থিত থাকায় তাদের কোন বক্তব্য পাওয়া গেল না। | ১. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. সংরক্ষিত আসনের সদস্যবৃন্দ। |
| আলোচনাঃ ৪৩<br>মেয়র, বিরামপুর পৌরসভা | প্যানেল মেয়র, বিরামপুর পৌরসভা, বিরামপুর সভায় বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. মেয়র, বিরামপুর পৌরসভা, দিনাজপুর। |
| আলোচনাঃ ৪৪<br>ভাইস-চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, বিরামপুর | ভাইস-চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ সভায় সবাইকে শুভেচ্ছা জানিয়ে বলেন যে, খিয়ার মাহমুদপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কাজ এখনও সমাপ্ত হয়নি অথচ ঠিকাদার বিল উত্তোলন করেছে। এটি বিভাবে সম্ভব হলো। তিনি আরও উল্লেখ করেন যে, কৃষি বিভাগ থেকে ১১ বস্তা বীজ পেয়েছেন এ VWB (৭X৭)=৪৯টি দেয়ার জন্য তিনি অনুরোধ করেন। এছাড়াও নারী উন্নয়ন ফোরামকে এডিপি-র বরাদ্দ হতে ৩% বরাদ্দ রাখার জন্য তিনি অনুরোধ জানান।। | খিয়ার মাহমুদপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কাজ সমাপ্ত হয়নি অথচ ঠিকাদার বিল উত্তোলন করেছে। এ বিষয়টি খতিয়ে দেখে অবহিত করার জন্য উপজেলা প্রকৌশলী এবং উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হলো। | ১. উপজেলা প্রকৌশলী এবং উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ৪৫<br>ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর | ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় সবাইকে শুভেচ্ছা জানিয়ে বলেন যে, বিরামপুর উপজেলাটি ৪টি উপজেলার কেন্দ্রস্থল হওয়ায় এ উপজেলায় জনসমাগম বেশী হয়। বিশেষ করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বিরামপুরের স্বাস্থ্যসেবার মান ভাল হওয়ার কারণে রোগীর সংখ্যা অনেক বেশী হয়। কিন্তু জনবল স্বল্পতার কারণে চিকিৎসা সেবা প্রদান খুব কষ্টকর হয়। তিনি জনবল বৃদ্ধির উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ জানান। তিনি স্বাস্থ্যসেবাসহ অন্যান্য সেবার মান বাড়ানোর দিকেও দৃষ্টি দেয়ার অনুরোধ জানান। তিনি আরও জানান যে, এ উপজেলা স্বাস্থ্য | ১. টেকনোলজিস্ট (ল্যাব) এর সংযুক্তির আদেশ বাতিলপূর্বক জনবল বৃদ্ধির ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | ১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৪৫<br>ভাইস-চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ,<br>বিরামপুর | কমপ্লেক্সে ২ জন টেকনোলজিস্ট (ল্যাব)। ২ জনের মধ্যে ১ জনকে বিরল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সংযুক্তি প্রদান করা হয়েছে। এখানে রোগীর চাপ বেশী থাকায় একজন টেকনোলজিস্ট দ্বারা স্বাভাবিক স্বাস্থ্যসেবা প্রদান করা সম্ভব হবে না। সেকারণে তার সংযুক্তির আদেশটি বাতিল করা প্রয়োজন। তিনি এ সভার মাধ্যমে এ বিষয়ে তড়িৎ ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুরকে অনুরোধ জানান। ভাইগড় পর্যন্ত রাস্তাটি WBM হয়েছে। এটি দেখার জন্য তিনি অনুরোধ জানান। | রাস্তার তালিকা দাখিল করার জন্য অনুরোধ করা হয়। | ১. চেয়ারম্যান, জোতবানী ইউনিয়ন পরিষদ |
| বিবিধ<br>আলোচনাঃ ৪৬ | ক. উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর সভায় জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (খ) নং অনুচ্ছেদে বিভিন্ন দিবস উদযাপন বাবদ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যয়ের বরাদ্দ রাখা হয়েছে। উক্ত বরাদ্দ হতে ১৬ ডিসেম্বর ২০২২ মহান বিজয় দিবস উপলক্ষ্যে ৩০,০০০/-(ত্রিশহাজার) টাকা ব্যয় হবে মর্মে সভায় উল্লেখ করেন।<br><br>খ. উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে (৩য় তলা) লাইব্রেরী-কাম-মুজিব কর্ণার করার প্রস্তাব করেন। এতে সম্ভাব্য ব্যয় হতে পারে ১,৫০,০০০/- (একলক্ষ পঞ্চাশহাজার)) টাকা।<br>**প্রকল্পের নামঃ লাইব্রেরী-কাম-মুজিব কর্ণার প্রকল্প।**<br>নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে প্রকল্প কমিটি গঠনের এবং সভায় তা অনুমোদনের প্রস্তাব করা হয়।<br>১. মোঃ ইউনুস আলী, চেয়ারম্যান,কাটলা ইউপি, বিরামপুর-আহ্বায়ক<br>২. মোছাঃ ফাইমা, সংরক্ষিত সদস্য, কাটলা ইউপি, বিরামপুর-সদস্য<br>৩. মোঃ জামাল হোসেন, সদস্য মুকুন্দপুর ইউপি,বিরামপুর-সদস্য<br>৪. মোঃ জিয়াউর রহমান,সদস্য খানপুর ইউপি, বিরামপুর-সদস্য<br>৫. পলাশ কুমার মন্ডল, সদস্য, পলিপ্রয়াগপুর ইউপি, বিরামপুর-সদস্য<br><br>গ. উপজেলা প্রশাসনিক ভবনের মেইন গেটের সামনে Porch মেরামত করণ ও লিখন, সম্মেলন কক্ষের সামনে বেসিনের পানির লাইন মেরামতকরণ এবং প্রশাসনিক ভবনের বারান্দা, সিড়ি এবং রাস্তায় বিদ্যুতের লাইন সম্প্রসারণ, সংস্কার ও মেরামত করা জরুরী প্রয়োজন। এতে সম্ভাব্য ব্যয় হতে পারে ১,৫০,০০০/- (একলক্ষ পঞ্চাশহাজার) টাকা।<br>**প্রকল্পের নামঃ উপজেলা প্রশাসনিক ভবনের মেইন গেটের সামনে Porch মেরামত করণ ও লিখন, সম্মেলন কক্ষের সামনে বেসিনের পানির লাইন মেরামতকরণ এবং প্রশাসনিক ভবনের বারান্দা, সিড়ি এবং রাস্তায় বিদ্যুতের লাইন সম্প্রসারণ, সংস্কার ও মেরামত।**<br>নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে প্রকল্প কমিটি গঠনের এবং সভায় তা অনুমোদনের প্রস্তাব করা হয়।<br>১. শ্রী চিত্তরঞ্জন পাহান, চেয়ারম্যান, খানপুর ইউপি, বিরামপুর- আহ্বায়ক<br>২. শ্রীমতি শিতলী পাহান,সংরক্ষিত সদস্য,খানপুর ইউপি, বিরামপুর-সদস্য<br>৩. মোঃ নইমুল ইসলাম, সদস্য, কাটলা ইউপি,বিরামপুর-সদস্য<br>৪. মোঃ আঃ হালিম, সদস্য, মুকুন্দপুর ইউপি,বিরামপুর-সদস্য<br>৫. মোঃ নয়ন মিয়া,সদস্য, বিনাইল ইউপি, বিরামপুর-সদস্য<br><br>ঘ. এছাড়াও উপজেলা পরিষদের অভ্যন্তরিন রাস্তাটি জরুরীভিত্তিতে মেরামত করার এবং শেখ রাসেল মিনি স্টেডিয়াম হতে সবজি বাজারটি অন্যত্র সড়িয়ে নেয়ার জন্য তিনি মেয়র,বিরামপুর পৌরসভাকে অনুরোধ করেন। | ক. উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ৩০,০০০/- (ত্রিশহাজার) টাকা ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>খ. উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে (৩য় তলা) লাইব্রেরী-কাম-মুজিব কর্ণার করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব হতে মিটানোর সিদ্ধান্তও গৃহীত হয়। প্রস্তাবিত কমিটি অনুমোদন করা হয়।<br>এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে অনুরোধ করা হয়।<br><br>গ. উপজেলা প্রশাসনিক ভবনের মেইন গেটের সামনে Porch মেরামত করণ ও লিখন, সম্মেলন কক্ষের সামনে বেসিনের পানির লাইন মেরামতকরণ এবং প্রশাসনিক ভবনের বারান্দা, সিড়ি এবং রাস্তায় বিদ্যুতের লাইন সম্প্রসারণ, সংস্কার ও মেরামত প্রকল্পটি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। এ ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব হতে মিটানোর সিদ্ধান্তও গৃহীত হয়। প্রস্তাবিত কমিটি অনুমোদন করা হয়।<br>এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে অনুরোধ করা হয়।<br><br>ঘ. উপজেলা পরিষদের অভ্যন্তরিন রাস্তাটি জরুরীভিত্তিতে মেরামত করার এবং শেখ রাসেল মিনি স্টেডিয়াম হতে সবজি বাজারটি অন্যত্র সড়িয়ে নেয়ার জন্য মেয়র, বিরামপুর পৌরসভাকে অনুরোধ করা হয়। | ক. উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর।<br><br>খ. উপজেলা প্রকৌশলী, বিরামপুর<br><br>গ. উপজেলা প্রকৌশলী, বিরামপুর<br><br>ঘ. মেয়র, বিরামপুর পৌরসভা। |

৪৭. উপজেলা পরিষদের নিম্নোক্ত ব্যয়গুলো অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।

**অক্টোবর/২০২২ মাসের ব্যয়**

| ক্রমিক | ব্যয়ের বিবরণ | টাকার পরিমান |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদের অক্টোবর/২০২২ মাসের সম্মানীভাতা ও বাসা ভাড়া প্রদান | =৪৫,০০০/- |
| ০২ | ভাইস-চেয়ারম্যান ও ভাইস-চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদের অক্টোবর/২০২২ মাসের সম্মানীভাতা প্রদান | =৫৪,০০০/- |
| ০৩ | উপজেলা পরিষদ ২ জন কর্মচারীদের অক্টোবর/২০২২ মাসের ২৯ দিনের দৈনিক মজুরী ৫৫০/- টাকা হারে মজুরী প্রদান। (১৫,৯৫০+১৫,৯৫০)=৩১,৯০০/- টাকা | =৩১,৯০০/- |
| ০৪ | অক্টোবর/২০২২আপ্যায়ন ব্যয় (ভ্যাট ও আয়করসহ) | =৩০,০০০/- |
| ০৫ | অক্টোবর২০২২আনুষজিক ব্যয় (ভ্যাট ও আয়করসহ) | =৫,০০০/- |
| ০৬ | অক্টোবর, ২০২২ মাসের বিদ্যুৎ বিল পরিশোধ বাবদ প্রদান | =২৬,৩৮৯/- |

সভায় বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত ব্যয়গুলো অনুমোদন দেয়া হয়।

চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি সভায় উল্লেখ করেন যে, মাননীয় জাতীয় সংসদ সদস্য, দিনাজপুর-৬ এর সহযোগিতা অব্যাহত আছে। রাস্তার উন্নয়নের কাজ চলছে। যোগাযোগ ও স্বাস্থ্যসেবার মান উন্নয়ন খুব জরুরী। ৪৩ কিঃমিঃ রাস্তার কাজ হয়েছে আরও কাজ করার প্রস্তাবনা রয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর পরিকল্পনা অনুযায়ী আগামী ২০৪১ সালের মধ্যে বিরামপুর উপজেলাকে এগিয়ে নিতে পারি সে উদ্যোগ নিতে হবে। বাংলাদেশ এখন খাদ্যে স্বয়ংসম্পূর্ণ। এখন ফসল উৎপাদন বেড়েছে। সামাজিক সুযোগ সুবিধা বেড়েছে। ভাতা প্রাপ্তির যোগ্য সকলকে ভাতার আওতায় আনার পরিকল্পনা রয়েছে সরকারের। অনেক সময় সম্পদ থাকা সত্তেও বয়স্ক ভাতার প্রয়োজন হয়। এদিকে সরকারের লক্ষ্য রয়েছে। নবাবগঞ্জ উপজেলায় কোন ব্যক্তি ভূমিহীন নেই। এটি সকলের প্রচেষ্টায় সম্ভব হয়েছে। উন্নয়নের এ ধারা অব্যাহত রাখার জন্য তিনি সকলকে অনুরোধ জানান। পঞ্চবার্ষিকী পরিকল্পনা বাস্তবায়নে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে প্রকল্প প্রস্তাব দেয়ার জন্য অনুরোধ জানান। পরিকল্পনা না করলে প্রকল্প বাস্তবায়নে সরকারি বরাদ্দ পাওয়া সহজ হবে না।

ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুরের সাথে সহমত পোষন করে বলেন যে, বিরামপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে বর্তমানে যে ডাক্তারগণ সেবা দিয়ে যাচ্ছেন তাদের সেবার মান খুবই ভাল। বিশেষ করে এখানে নরমাল প্রসবের বিষয়টি প্রশংসিত হচ্ছে। এটি একটি ভাল উদ্যোগ। চার উপজেলার কেন্দ্র বিন্দু বিরামপুর উপজেলা হওয়ায় এখানে রোগীর চাপও বেশী। ফলে বিরামপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সেবার মান প্রশংসিত হচ্ছে। তবে তিনি ড্রাইভারের কারণে এ্যাম্বুলেন্স সুবিধা থেকে রোগীরা বঞ্চিত হচ্ছে। তিনি মান সম্মত খাবার সরবরাহ করার জন্য হাসপাতাল কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন। মাননীয় জাতীয় সংসদ সদস্য, দিনাজপুর-৬ এঁর সহযোগিতায় জনবল বৃদ্ধির উদ্যোগ নিতে হবে। এ উপজেলায় কর্মরত কর্মকর্তাগণকে নিয়ে উন্নয়নমূলক কাজ করা সম্ভব হচ্ছে এবং ভবিষ্যতে আরও ভাল কাজ করার প্রত্যাশা ব্যক্ত করেন তিনি।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ খায়রুল আলম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
বিরামপুর, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বিরামপুর, দিনাজপুর
birampur.dinajpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.২৭১০.০০০.০৮.০৪৮.২২.১৬২৮/১(৪৮) তারিখঃ ২১.১২.২০২২ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো **(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**

০১. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১ দিনাজপুর-৬।
০২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
০৪ জেলা প্রশাসক, দিনাজপুর।
০৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
০৬. মেয়র, বিরামপুর পৌরসভা, বিরামপুর, দিনাজপুর।
০৭. জনাব ..............................................................সদস্য/সদস্যা, জেলা পরিষদ, দিনাজপুর
০৮. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
০৯. উপজেলা...........................................................................অফিসার, বিরামপুর, দিনাজপুর।
১০. চেয়ারম্যান, .............................................................., ইউনিয়ন পরিষদ (সকল), বিরামপুর, দিনাজপুর।
১১. জনাব .............................................................. মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

২১.১২.২২

পরিমল কুমার সরকার
উপজেলা নির্বাহী অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।
ফোন ঃ ০৫৩২২-৫৬৪০১ (অফিস)
e-mail : unobirampur@mopa.gov.bd